Bangladesh Institute of Capital Market
12 DEC 2023
SL No. 920
Received by Signature

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিএসইসি ও বিআইসিএম শাখা
www.fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.৪২১.২০.০০৩.২০.১০২

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩০
১১ ডিসেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)এর পুঁজিবাজার সংক্রান্ত গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে 'বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা, ২০১৭' সংশোধনপূর্বক নিম্নরূপভাবে জারি করা হলো:

১। নীতিমালার নাম ও প্রবর্তন:

(১) এই নীতিমালা বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা, ২০১৭ (সংশোধিত) নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞাঃ

এই নীতিমালায় অন্য কোন ব্যাখ্যা না থাকিলে-

(১)"তহবিল" অর্থ অনুচ্ছেদ ৪ অনুযায়ী গঠিত বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গবেষণা এনডাউমেন্ট তহবিল;

(২)"কমিটি" অর্থ অনুচ্ছেদ ৭(২) অনুযায়ী গঠিত তহবিল পরিচালনা কমিটি;

(৩) "গবেষক" অর্থ গবেষণা কাজে নিয়োজিত ইনস্টিটিউটের গবেষক, অনুষদ সদস্য এবং ইনস্টিটিউটের বহিঃস্থ পুঁজিবাজার সংশ্লিষ্ট পেশাজীবি, শিক্ষক, গবেষক ও প্রতিষ্ঠান;

(৪) "ইনস্টিটিউট" অর্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, যার বরাবর এ তহবিলের আওতায় গবেষণার বুদ্ধি বৃত্তিক সম্পত্তি বা Intellectual Property সংরক্ষিত থাকিবে।

৩। তহবিলের উদ্দেশ্য ও বাস্তবায়নঃ

